



বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
হবিগঞ্জ

Email:raohabigonj@krishibank.org.bd

সূত্র নং-আনিকা (হবি)/বিবিধ-১/২০২৩-২০২৪/৩৮৪

তারিখ : ৩১/০৩/২০২৪ খ্রিঃ

অদ্য ৩১.০৩.২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ০২.৩০ ঘটিকায় বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, হবিগঞ্জ এর আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা ও শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভাপতি জনাব মোস্তাক হোসেন এর সভাপতিত্বে এবং সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ নাজিবুর রহমান এর পরিচালনায় জানুয়ারী/২০২৪ হতে মার্চ/২০২৪ পর্যন্ত ত্রৈমাসিক সময়কালের কার্যক্রম পর্যালোচনা এবং এপ্রিল/২০২৪ হতে জুন/২০২৪ ভিত্তিক ত্রৈমাসিক সময়কালের কর্মপরিকল্পনা গ্রহন বিষয়ে শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীগন উপস্থিত ছিলেন।

ক্রঃ নং	নাম	কমিটির পদবী	মোবাইল নং	ই-মেইল ঠিকানা
০১	জনাব মোস্তাক হোসেন	সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা	০১৭১৯-৩৭৪৫৭৬	raohabigonj@krishibank.org.bd
০২	জনাব মোঃ নাজিবুর রহমান	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা	০১৭১৯-৪৫৪১০১	
০৩	জনাব রাজিব কুমার রায়	সদস্য	০১৭১২-১৬০৬৯৩	

সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত পর্যালোচনা ও অগ্রগতি বিষয়ক পরিকল্পনা গ্রহন করা হয় :-

- ০১। বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকার নিরীক্ষা বিভাগ এর নির্দেশনা অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের চাহিদা মোতাবেক বিভিন্ন পেনশনগ্রহীতাদের ও ইস্তফাদানকারী কর্মকর্তা/কর্মচারীদের দায়দেনা যাচাই সংক্রান্ত ও তামাদি ঋণ নিয়মিতকরণ যাচাই করা।
- ০২। বিগত ফেব্রুয়ারী/২০২৪ মাসে ০১ টি শাখা এবং মার্চ/২০২৪ মাসে ০৪ টি শাখাসহ ত্রৈমাসিকে মোট ০৫ টি শাখার অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম সম্পাদন ও প্রতিবেদন প্রস্তুত করতঃ শাখায় প্রেরণ করা।
- ০৩। এপ্রিল/২০২৪ হতে জুন/২০২৪ মাসের সম্ভাব্য নিরীক্ষাতব্য শাখাসমূহ নির্ধারণ সম্পর্কিত আলোচনা করা।
- ০৪। নিষ্পত্তিযোগ্য অনুচ্ছেদ/আপত্তিসমূহ নিরীক্ষাকালীন সময়ে যথাসম্ভব অকুস্থলে মিমাংসা করা।
- ০৫। এপ্রিল/২০২৪ হতে জুন/২০২৪ ত্রৈমাসিকে বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,সিলেট এর চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন পেনশনার ও ইস্তফা দানকারীর দায়দেনা যাচাই করা।
- ০৬। কার্যালয়ের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ সম্পর্কিত এবং কার্যালয়ের ফাইলসমূহ সুন্দর ও দৃষ্টিনন্দনভাবে গুছিয়ে রাখা।
- ০৭। বিকেবির সকল প্রকার গ্রাহকদের দ্রুততার সাথে সর্বোচ্চ সেবা নিশ্চিত করা।
- ০৮। বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকার নিরীক্ষা বিভাগ এর নির্দেশনা অনুযায়ী শাখা পর্যায়ে শুদ্ধাচার ও নৈতিকতা সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা করা এবং বিকেবি আচরণবিধি সম্পূর্ণ মেনে চলার অঙ্গীকার ব্যক্ত করা।

সভায় অন্য কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় কমিটির সদস্যগনকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীবৃন্দ


৩১/০৩/২০২৪

(মোস্তাক হোসেন)
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি,বিভাগীয় কার্যালয়, সিলেট।
- ২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি,বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট।
- ৩। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, হবিগঞ্জ।
- ৫। অফিস নথি।